

# সূত্র

প্রিন্ট: ০৪ নভেম্বর ২০২৪, ১২:৩৫ এএম

শিক্ষাঙ্গন

## ডোপ টেস্টের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির দাবি জবি শিবিরের



জবি প্রতিনিধি

প্রকাশ: ০৩ নভেম্বর ২০২৪, ১০:৫৬ পিএম



ক্যাম্পাসে মাদকের বিরুদ্ধে জিরো টলারেঞ্জ নীতি ও বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে ডোপ টেস্ট চালুর দাবি জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির। রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসংশ্লিষ্ট বিষয়াদি সমাধানে গঠিত কমিটির সঙ্গে ছাত্র সংগঠনের মতবিনিময় সভায় এ দাবি করেন সংগঠনটির নেতারা।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র শিবিরের সেক্রেটারি জেনারেল আসাদুল ইসলাম বলেন, ক্যাম্পাসে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করে তাদের সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেঞ্জনীতি গ্রহণ করতে হবে। মাদক একটি জাতিকে ধ্বংস করে দেয়। এক্ষেত্রে ভর্তির সময় ডোপ টেস্ট চালুর ব্যবস্থা করতে হবে।

মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতি ইকবাল হোসেন সিকদার বলেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্ররাজনীতি চর্চা ক্ষেত্রে কিছুটা প্রতিবন্ধকতা রাখা প্রয়োজন। যদি তা করা না হয় তাহলে বিগত স্বেচ্ছাচারের মতো আচরণ করতে পারে। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসংশ্লিষ্ট বিষয়াদি সমাধানে গঠিত কমিটির সদস্য, বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রদল, ছাত্রশিবির, ছাত্র ফ্রন্ট, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় সংস্কার প্রতিনিধিসহ কমিটির শিক্ষকরা উপস্থিত ছিলেন।